

Total No. of Printed Pages—4

3 SEM TDC BNL (CBCS) MIL 301 (A/C)

2023

(Nov/Dec)

BENGALI

(Modern Indian Language)

(For Arts and Commerce)

Paper : MIL-301

(বাংলা সাহিত্যের আভাস)

Full Marks : 80

Pass Marks : 32

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

(কাব্য)

১। সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৪=৪

(ক) 'কল্পনা' কাব্যটি কত সালে রচিত হয়?

(খ) 'রবীন্দ্রকাব্য প্রবাহ' গ্রন্থটি কার লেখা?

(গ) 'বর্ষশেষ' কবিতাটি কত সালে প্রকাশিত হয়?

(ঘ) 'মদনভস্মের পূর্বে' কবিতার প্রেমের দেবতা কে?

24P/474

(Turn Over)

২। সংক্ষেপে লেখো (যে কোনো একটি) : ৫

(ক) 'স্বপ্ন' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো।

(খ) 'বর্ষশেষ' কবিতাটির মূল সারমর্ম আলোচনা করো।

৩। 'বৈশাখ' কবিতার ভাববস্তু আলোচনা করো। ১১

অথবা

'মদনভস্মের পূর্বে' কবিতায় মানব ও প্রকৃতির যে সৌন্দর্য, মাধুর্য ও প্রেমের অনুভূতি পাওয়া যায় তা আলোচনা করো।

দ্বিতীয় একক

(ছোটগল্প)

৪। সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) বনফুলের আসল নাম কী?

(খ) মাস্টারমশাইয়ের ছেলের নাম কী?

(গ) "আমি কারও কাছ থেকে ভিক্ষে নিই না।" উক্তিটি কার?

(ঘ) 'জাগ্রত দেবতা' গল্পে কোন দেবতার মাহাত্ম্যের কথা বলা হয়েছে?

৫। সংক্ষেপে লেখো : ৫

(ক) 'স্মৃতি' গল্পে স্টেশনমাস্টার মশায়ের যে উদারতা প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।

অথবা

(খ) বিরজুর মা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৬। 'ছোটলোক' গল্পের ভাববস্তু বিশ্লেষণ করো। ১১

অথবা

শ্রীপতি সামন্ত চরিত্রটির মধ্যে বাঙালির প্রতি যে সম্মান ও ভালোবাসা রয়েছে তা এই গল্পের মধ্যে ফুটে উঠেছে—চরিত্রটি বিশ্লেষণ করো।

তৃতীয় একক

(উপন্যাস)

৭। সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) 'দত্তা' উপন্যাসে সবচেয়ে মেধাবী ও দরিদ্র চরিত্র কোনটি?

(খ) 'দত্তা' উপন্যাসটি কার লেখা?

(গ) বনমালীর মেয়ের নাম কী?

(ঘ) 'দত্তা' উপন্যাসে পরেশ কে?

৮। সংক্ষেপে লেখো : ৫

'দত্তা' উপন্যাসে দয়াল চরিত্রটির ভূমিকা লেখো।

অথবা

কালীপদ চরিত্রটি বর্ণনা করো।

৯। 'দত্তা' উপন্যাসে জমিদার-কন্যার বয়স অল্প, মাথা গরম, রাসবিহারীর পুত্রের সঙ্গে বিবাহের জনশ্রুতিও গ্রামে অপ্রচারিত ছিল না—তিনি মেমসাহেব, প্রেচ্ছ। এই জমিদার-কন্যা চরিত্রটি বিশ্লেষণ করো। ১১

অথবা

'দত্তা' উপন্যাসে রাসবিহারী চরিত্রটির মধ্যে যে লোভ-লালসা প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।

চতুর্থ একক

(নাটক)

১০। সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বিসর্জন' নাটকটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেছিলেন?

(খ) ভিখারিণী কে?

(গ) কে মন্দিরে বলিদান প্রথা নিষিদ্ধ করেছিলেন?

(ঘ) অপর্ণার ছাগশিশু ধরে এনে মায়ের কাছে বলি দেওয়া হলে ব্যথিত অপর্ণা কার কাছে বিচার চেয়েছিলেন?

১১। সংক্ষেপে লেখো : ৫

রঘুপতি চরিত্রটি বর্ণনা করো।

অথবা

জয়সিংহ চরিত্রটি অন্তর্দর্শনে নিপীড়িত—আলোচনা করো।

১২। 'বিসর্জন' নাটকে রাজা গোবিন্দমাণিক্য চরিত্রটি বর্ণনা করো। ১১

অথবা

“ 'বিসর্জন' নাটকের মূল দ্বন্দ্বটি হচ্ছে—ধর্মের অর্থহীন অন্ধসংস্কার ও চিরাচরিত যুক্তিহীন প্রথার সঙ্গে নিত্য-সত্য মানবধর্ম বা হৃদয়ধর্মের; মিথ্যা ধর্মবোধের সঙ্গে উদার মনুষ্যত্বের। ” আলোচনা করো।

★ ★ ★

3 SEM TDC BNL (CBCS)

MIL 301 (A/C)